







প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা

জেলার নাম: ঠাকুরগাঁও

সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: ০৪ টি (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)

ক্রম	প্রত্নস্থল / পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো- অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	৭
১.	ঢোলহাট মন্দির		ঠাকুরগাঁও সদর আরাজী দক্ষিণ বাটিনা	২৬°০৭'৩৭.৭" উ. ৮৮°২৫'২৮.০" পূ.	বাংলাদেশ গেজেট ৪ জুলাই, ২০০২	গৌরাল রায় চৌধুরী নামক এক নিঃসন্তান ভূস্বামী ঢোলহাট শিব মন্দিরটি নির্মাণ করেন। এ মন্দিরটি দ্বিতল বিশিষ্ট। গম্বুজসহ মন্দিরের উচ্চতা প্রায় ২০ মি.। প্রথম তলার পূর্ব-দক্ষিণ দিকে দু'টি প্রবেশপথ রয়েছে। দক্ষিণের প্রবেশপথে ১৭ টি শিব লিঙ্গের প্রতিকৃতি ছিল, যা অধিকাংশই নষ্ট হয়ে গেছে। বাহিরের দেয়ালে লতাপাতা ও ফুলের নকশা দেখা যায়। দ্বিতীয় তলার মেঝে সমতল। দ্বিতীয় তলার চারদিকে ৪টি ছোট প্রবেশপথ ও ৪টি জানালা রয়েছে। জানালাগুলোতে ত্রিভুজাকৃতির ইটের জাল বা খোপ রয়েছে। দ্বিতীয় তলার উপরে যে গম্বুজটি ছিল তা ভেঙ্গে গেছে। মন্দিরের ভিতরে বৃহৎ আকৃতির শিবলিঙ্গ রয়েছে। মন্দিরটি নির্মাণ ইতিহাস সম্পর্কে সঠিক প্রমাণ পাওয়া যায়নি।
২.	রাজা টংকনাথ চৌধুরীর প্রাচীন রাজবাড়ী		রাণীশংকৈল সহোদর	২৫°৫৩'৩৩.৯" উ. ৮৮°১৬'২৮.৩" পূ.	বাংলাদেশ গেজেট ২৫ জুলাই, ২০১৯	১৯ শতাব্দীর শেষ ভাগে রাজবাড়ীটি নির্মিত বলে ধারণা করা হয়। এ রাজবাড়ীর সামনে রয়েছে সুবিশাল এক সিংহ দরজা। দালানের স্থাপত্যশৈলীতে আধুনিকতার পাশাপাশি ভিক্টোরিয়ান অলঙ্করণের ছাপ সুস্পষ্ট। রাজবাড়ী সংলগ্ন উত্তর-পূর্ব কোণে কাছারি বাড়ি পূর্বে দু'টি পুকুর এবং রাজবাড়ী থেকে ২০০ মিটার দক্ষিণে রামচন্দ্র (জয়কালী) মন্দির অবস্থিত।
৩.	জামালপুর জামে মসজিদ		রাণীশংকৈল জামালপুর	২৬°০০'৩৬.৫" উ. ৮৮°২২'৩২.৯" পূ.	বাংলাদেশ গেজেট ০৪ সেপ্টেম্বর, ২০০৩	জামালপুর জামে মসজিদটি আয়তাকার ভূমি পরিকল্পনায় নির্মিত। এ মসজিদের পূর্ব দেয়ালে ৫টি এবং উত্তর দেয়ালে একটি ও দক্ষিণ দেয়ালে একটি করে মোট ৭টি অলংকৃত অর্ধগোলাকার খিলানবিশিষ্ট প্রবেশপথ রয়েছে। মসজিদটি গঠন শৈলী ও অন্যান্য বৈশিষ্ট্য দেখে মসজিদটিকে মোঘল স্থাপত্যশৈলী সমৃদ্ধ ব্রিটিশ আমলে নির্মিত বলে প্রতীয়মান হয়।

ক্রম	প্রত্নস্থল / পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো-অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	৭
৪.	হরিপুর জমিদার বাড়ি		হরিপুর	২৫°৪৯'৫৪" উ. ৮৮°০৭'৪৫" পূ.	বাংলাদেশ গেজেট ১৪ সেপ্টেম্বর, ২০২৩	ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলার প্রাণকেন্দ্রে অবস্থিত হরিপুর জমিদার বাড়িটি ১৮৯৩ খ্রিস্টাব্দে নির্মাণ করা হয়। বাড়িটি ইট, চুন ও সুরকির গাঁথুনি দিয়ে তৈরী। প্রায় তিন একর স্থানে কাছারি ঘর, উপসানালয়, নাচ মহল, নাগমহল, অন্দর মহল ও অঙ্ককুপ নির্মাণ করা হয়েছে। বাড়ির ২য় তলায় ভবনে রয়েছে লতাপাতার নকশা ও পূর্ব দেয়ালের শীর্ষ রাজস্বী জগেন্দ্র নারায়নের চৌদ্দটি আবক্ষ মূর্তি রয়েছে। দৃষ্টি নন্দন কারুকাজের বিলুপ্তপ্রায় নিদর্শনের প্রাচীনত্ব বিবেচনায় এটি একটি আকর্ষণীয় স্থাপত্য। এখানে একটি সমৃদ্ধ গ্রন্থাগার থাকলেও বর্তমানে তার অস্তিত্ব নাই। জমিদার বাড়িতে একটি সিংহ দরজা ছিল।